# সকল বোর্ড-২০১৮

## গার্হস্থ্য বিজ্ঞান

## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | ১ | ৫ | ১ |

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট | পূর্ণমান — ৫০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিম্নের উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]*

১.▶ মিতা সুগৃহিণী। তিনি যে কোনো কাজ করতে গেলে কাজের গুরুত্ব সম্পর্কে বিশ্বাস রাখেন এবং পরিকল্পনামাফিক নিষ্ঠার সাথে লক্ষ্য অর্জন করেন ও আনন্দ পান। তার ননদ নিপাও তার কল্পনাশক্তি দিয়ে পারিবারিক কাজে নতুনত্ব তৈরি করতে পারেন। পূর্ব নির্ধারিত কোনো কাজ পরিবর্তন করতে হলে তাও সহজে করতে পারেন।

ক. সংগঠন কাকে বলে? ১

খ. গৃহব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. মিতার মধ্যে কোন গুণটি বিদ্যমান থাকায় আনন্দের সাথে সে লক্ষ্য অর্জন করতে পারে তা ব্যাখা করো। ৩

ঘ. সফল গৃহ পরিচালনায় নিপা একজন সুগৃহব্যবস্থাপক— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

২.▶ মধ্যবিত্ত পরিবারের গৃহিণী সীমা গৃহ পরিচালনায় সম্পদের গুরুত্ব উপলব্ধি করেন। তিনি বুদ্ধি দিয়ে খাবার শেষে ডাইনিং টেবিলকে পড়ার টেবিল হিসেবে ব্যবহার করেন। বাচ্চাদের ব্যবহৃত খাতা বই দিয়ে প্যাকেট বানিয়ে বাড়তি আয় করেন। এছাড়াও উঠানে সবজি চাষ করেন।

ক. সম্পদ কী? ১

খ. 'পরিকল্পনা পূর্ব থেকে স্থিরকৃত কার্যক্রম'– কেন? ব্যাখ্যা করো। ২

Teachingbd24.com

গ. সীমার গৃহ পরিকল্পনার প্রতিটি কাজ সম্পদ ব্যবহারের কোন বৈশিষ্ট্যের মধ্যে পড়ে তা বিশ্লেষণ করো। ৩

ঘ. উদ্দীপকের সীমা যাবতীয় চাহিদা পূরণে সকল সম্পদের ব্যবহারে পারদর্শিতা দেখিয়েছেন বলে কি তুমি মনে করো? যুক্তি দিয়ে বোঝাও। ৪

৩.▶ মিসেস রেহেনার অসুস্থ শাশুড়ি, কলেজ-স্কুল পড়ুয়া দু'টি সন্তান নিয়ে পাঁচ সদস্যের সংসার। ভাড়া বাড়িতে থাকেন। তাদের মোট আয় ৩৫,০০০ টাকা। পরিবারের সদস্যদের মৌলিক চাহিদাগুলো পূরণ করে কিছু টাকা তিনি সঞ্চয়ও করেন।

ক. বস্তুগত সম্পদ বলতে কী বোঝায়? ১

খ. কাজের সঠিক স্থান ও সঠিক সরঞ্জামের ব্যবহার কোন কৌশলের মধ্যে পড়ে? ব্যাখ্যা করো। ২

গ. মাসিক আয় অনুযায়ী মিসেস রেহেনার পরিবারের জন্য একটি মাসিক বাজেট তৈরি করে দেখাও। ৩

ঘ. উদ্দীপকের রেহেনা সঠিক নিয়ম অনুসরণ করে বাজেট তৈরি করায় তিনি অর্থ সঞ্চয়ও করতে পারেন– বিশ্লেষণ করো। ৪

৪.▶ রিতার দুই সন্তান। মুসার বয়স ৮ বছর এবং রাব্বির বয়স ১৩ বছর। মুসা খেলাধুলা করতে ও বন্ধু তৈরিতে আগ্রহী। রিতা তার ছেলে রাব্বির মধ্যে শারীরিক ও মানসিক পরিবর্তন লক্ষ্য করেন। রাব্বি এখন বিমূর্ত চিন্তা করতে পারে এবং নিজস্ব মূল্যবোধ সম্পর্কে সচেতন।

ক. বর্ধন কাকে বলে? ১

খ. অন্তর্মুখী সমস্যা কী? ব্যাখ্যা করো। ২

গ. মুসা তার বয়সের কোন স্তরে অবস্থান করছে? আলোচনা করো। ৩

Teachingbd24.com

ঘ. রাব্বির বয়সই তার বিকাশমূলক কার্যকলাপের প্রতিফলন ঘটায়– বিশ্লেষণ করো। ৪

৫.▶ আবিরের মা ভুলের জন্য আরিবকে বকাঝকা করেন না। ভালো কাজের প্রশংসা করেন। এতে তার আত্মবিশ্বাস ও কাজের প্রতি উৎসাহ বেড়ে যায়। অন্য দিকে আবিরের খালাতো ভাই আরমান চঞ্চল। তাকে সবাই বকাঝকা করে। হাতের লেখা খারাপ ও বানান ভুলের কারণে পরীক্ষায় খারাপ করে। পড়ালেখায় উৎসাহ কমে যায় ও আত্মবিশ্বাস হারাতে থাকে। মা চিন্তিত হয়ে শিক্ষকের কাজে গেলে শিক্ষক বলেন, "আরমানের মনঃস্তাত্ত্বিক চাহিদা পূরণই পারে তার উৎসাহ ফিরিয়ে আনতে।"

ক. টডলারহুড কাকে বলে? ১

খ. শিশুকে কাছে নিয়ে ঘুমানো গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২

গ. আবিরের আত্মবিশ্বাস বৃদ্ধি পায় কোন নীতির কারণে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে শিক্ষকের মন্তব্যটি যুক্তিসহকারে বিশ্লেষণ করো। ৪

৬.▶ রহিমা একজন দিন মজুর। পুষ্টিকর খাবার না খাওয়ায় এবং ঘুম না হওয়ায় সে অস্থিরতাবোধ করে। ইদানিং মাঝে মাঝে তার হাত ও পা অবস হয়ে যাচ্ছে এমনটি অনুভব করে। তার ছোট বোন সালেহা তৃতীয় সন্তান জন্ম দেয়ার পর দেহে ক্যালসিয়াম ও ফসফরাস জাতীয় উপাদান কমে যাওয়ায় কোমরে ও পায়ের ব্যথায় দাঁড়াতে পারে না। সে দুর্বল হয়ে যাচ্ছে।

ক. প্রোটিন কাকে বলে? ১

খ. খাদ্যে কার্বোহাইড্রেট গুরুত্বপূর্ণ কেন? ২

গ. রহিমা যে রোগে আক্রান্ত হয়েছে সে রোগের লক্ষণগুলো ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. "সালেহার কোমর ও পায়ের ব্যথা দূর করতে ভিটামিন ডি বা ক্যালসিফেরোল কার্যকর ভূমিকা রাখতে পারে"– বিশ্লেষণ করো। ৪

৭.▶ সাকিরার বড় মামা আসবেন শুনে মা তাকে একটি পুডিং তৈরি করতে বলেন। পদ্ধতি অনুযায়ী পুডিং তৈরির জন্য সাকিরা মায়ের কাছে ৪ জনের পরিবেশনের রেসিপি লিখে নেয়। তার মা বলেন, "যে কোনো খাদ্য প্রস্তুত করতে রেসিপি অত্যন্ত প্রয়োজনীয়।"

ক. বুফে পরিবেশন কাকে বলে? ১

খ. মেনু তৈরিতে আবহাওয়া ও মৌসুম গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২

গ. সাকিরার রেসিপি অনুযায়ী পুডিং প্রস্তুতপ্রণালি ব্যাখ্যা করো। ৩

ঘ. সাকিরার মায়ের মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৮.▶ মরিয়ম বেগম সচেতন গৃহিণী। তিনি তার ব্যবহার্য কাপড় হিসেবে লিনেন কাপড়কে প্রাধান্য দেন। গঠনগত কারণে এ কাপড় ময়লা কম হয়, সূর্যালোকে নষ্ট হয় না ও টেকসই হয়। তবে তিনি আরামদায়ক ও বহুবিধ ব্যবহারের জন্য সুতি কাপড়কেই প্রাধান্য দেন।

ক. পল্লব তন্তু কাকে বলে? ১

খ. তন্তুর রেসিলিয়েন্সি বলতে কী বোঝায়? ২

গ. মরিয়ম বেগম কোন ধরনের তন্তুর কাপড় বেশি ব্যবহার করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপক অনুযায়ী 'সুতি তন্তুকে তন্তুর রাজা' বলা হয়। এ ধারণার সাথে তুমি কি একমত? যুক্তি দিয়ে বোঝাও। ৪

Teachingbd24.com

# গার্হস্থ্য বিজ্ঞান

বিষয় কোড : | ১ | ৫ | ১ |

সময় — ২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ২৫

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কোনটি ছাড়া প্রাণীর অস্তিত্ব কল্পনা করা যায় না?**
ⓚ ভিটামিন ⓛ কার্বোহাইড্রেট
ⓜ খনিজ ⓝ প্রোটিন

**২. গর্ভাবস্থায় মায়ের কোন রোগটি শিশুকে ক্ষতিগ্রস্ত করে?**
ⓚ রুবেলা ⓛ সর্দিকাশি
ⓜ জ্বর ⓝ ডায়রিয়া

**৩. পরিকল্পনা হতে হবে—**
i. নমনীয় ii. গ্রহণযোগ্য
iii. প্রতিবন্ধকতাপূর্ণ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

**৪. গর্ভস্থ শিশুর অক্সিজেনের অভাব ঘটে কখন?**
ⓚ মায়ের বয়স ৩৫ বছরের বেশি হলে
ⓛ মা বাবার নিকট আত্মীয়ের মধ্যে বিবাহ হলে
ⓜ মায়ের খিঁচুনি হলে
ⓝ ঔষধ খেলে

**নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
সামিয়া একটি বাড়ির নিচতলায় ফ্ল্যাটে থাকে। বাড়িটির পেছনের অংশে ঝোপঝাড় ও গাছপালায় ভরা। তার বাসায় পরিবেশ খুব স্যাঁতসেতে ও নোংরা। প্রায়ই তার মেয়ে সর্দি কাশিতে আক্রান্ত হয়।

**৫. উদ্দীপকের উল্লিখিত বাড়িটির যে ধরনের সমস্যা রয়েছে—**
i. পর্যাপ্ত আলো বাতাসের অভাব
ii. বাড়ির চারপাশ অপরিচ্ছন্ন
iii. রোগ-জীবাণুমুক্ত পরিবেশ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

**৬. মেয়ের শারীরিক সুস্থতা রক্ষায় সামিয়ার করণীয় কী?**
ⓚ ঘরের সৌন্দর্য বৃদ্ধি করা
ⓛ গৃহসজ্জার ব্যবস্থা করা
ⓜ গৃহ পরিষ্কার রাখা
ⓝ মেয়েকে নিয়ে বেড়াতে যাওয়া

**৭. সুষম বাজেট কী?**
ⓚ যে বাজেটে আয়ের চেয়ে ব্যয় বেশি
ⓛ যে বাজেটে আয়ের চেয়ে ব্যয় কম
ⓜ যে বাজেটে আয় ও ব্যয় সমান
ⓝ যে বাজেটে ঋণের পরিমাণ বেশি থাকে

**৮. ঋতুস্রাবের কারণে কিশোরীদের কোন ভিটামিনের চাহিদা বেশি হয়?**
ⓚ ভিটামিন-এ ⓛ ভিটামিন-সি
ⓜ ভিটামিন-বি$_{১২}$ ⓝ ভিটামিন বি$_{৬}$

**৯. গলগন্ড রোগের লক্ষণ হলো—**
i. কোষ্ঠকাঠিন্য ii. স্নায়বিক দুর্বলতা
iii. মানসিক অক্ষমতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

**১০. কোন তন্তু পোড়ালে শাকের মতো গন্ধ বের হয়?**
ⓚ তুলা ⓛ উল
ⓜ নাইলন ⓝ সিল্ক

**১১. শিশুর সামাজিক ও বুদ্ধি বৃত্তীয় বিকাশে করণীয় কী?**
ⓚ শিশুকে খেলনা দিয়ে ব্যস্ত রাখা
ⓛ শিশুকে ভয়ভীতি প্রদর্শন
ⓜ শিশুর সাথে খেলা করা
ⓝ অতিরিক্ত স্নেহ করা

**১২. মানুষের জীবনের লক্ষ্যসমূহ কোথায় অর্জিত হয়?**
ⓚ সমাজে ⓛ গোত্রে
ⓜ গৃহে ⓝ রাষ্ট্রে

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:**
শাহাজান সাহেব একজন ডায়াবেটিক রোগী। এছাড়াও তিনি উচ্চ রক্তচাপে আক্রান্ত। তিনি খাদ্য গ্রহণের ক্ষেত্রে কোন নিয়ম মেনে চলেন না। তার পরিবারের সদস্যরাও এ ব্যাপারে সচেতন নয়।

**১৩. সুস্থ থাকার জন্য শাহাজান সাহেবের করণীয়—**
i. নিয়ন্ত্রিত খাদ্যাভ্যাস গঠন
ii. প্রয়োজন অনুযায়ী ব্যায়াম করা
iii. মানসিক চাপ নিয়ন্ত্রণ করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

Teachingbd24.com

১৪. শাহজান সাহেব কোন জাতীয় খাবার বেশি খেতে পারবেন?

ক) মিষ্টি জাতীয় খাবার খ) ফাস্ট ফুড
গ) চর্বিযুক্ত খাবার ঘ) আঁশ জাতীয় খাবার

১৫. কাজ বন্টনের ক্ষেত্রে বিবেচ্য বিষয় হলো—

i. ব্যক্তিগত পছন্দ
ii. আগ্রহ
iii. বয়স

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৬. বোরাক্স তৈরিতে কোনটি ব্যবহৃত হয়?

ক) সাবান খ) সোডিয়াম কার্বন
গ) ক্লোরিন ঘ) ডিটারজেন্ট

১৭. শৈশবের প্রথমদিকে শিশুর ভালমন্দের ধারণা তৈরি হয়। এর পেছনে যৌক্তিক কারণ কোনটি?

ক) বাবা মায়ের আচরণ
খ) নৈতিক বিকাশ
গ) ভালো কাজে পুরস্কার ও মন্দ কাজে শাস্তির ব্যবস্থা
ঘ) ভালমন্দ বুঝতে শেখা

১৮. শামিমের মতে, ফতুয়ার বিপরীত রঙের কাপড় ব্যবহার করা যায়—

i. বডিতে
ii. বোতামের পট্টিতে
iii. পাইপিং এ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৯. মিসেস রুনা তার শিশু জন্মের পরপরই 'X' নামক এক ধরনের খাবার খেতে দেন। এখানে 'X' খাবারটি কী হতে পারে?

ক) গুঁড়ো দুধ খ) মধু
গ) পানি ঘ) শাল দুধ

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:**

সেফাত এর জীবনের লক্ষ্য একজন সফল ডাক্তার হওয়া। মেডিকেল কলেজ ভর্তি পরীক্ষায় ভালো ফলাফল অর্জনের জন্য যে কঠোর পরিশ্রম করছে। পরীক্ষা সন্নিকটে চলে আসায় সে এক ধরনের মানসিক চাপ অনুভব করে এবং অসুস্থ হয়ে পড়ে।

২০. উদ্দীপকে সেফাত কোন ধরনের মানসিক চাপ অনুভব করছে?

ক) ইতিবাচক চাপ
খ) অন্তর্মুখী চাপ
গ) নেতিবাচক চাপ
ঘ) বহির্মুখী চাপ

২১. এ ধরনের মানসিক চাপ যে ধরনের প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে তা হলো—

i. কর্মদক্ষতা বৃদ্ধি করে
ii. স্বাভাবিক জীবনে ছন্দপতন ঘটায়
iii. আচরণে বিশৃঙ্খলা তৈরি করে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২২. কোয়াশিয়রকর রোগীর জন্য কোনটি প্রয়োজন?

ক) প্রোটিন খ) ভিটামিন
গ) খনিজ ঘ) পানি

২৩. জামিল সাহেব চাল, আলু, ভুট্টা ইত্যাদি দিয়ে এক ধরনের দ্রব্য তৈরি করেন। উক্ত দ্রব্য নিচের কোনটিকে নির্দেশ করে?

ক) ব্লিচিং খ) সাবান
গ) স্টার্চ ঘ) ক্লোরিন

২৪. শিশুর সাথে বন্ধন তৈরির পদক্ষেপ হলো—

i. শিশুকে জন্মের ১ ঘণ্টার মধ্যে মায়ের দুধ দেয়া
ii. আলাদা বিছানায় ঘুমানো
iii. শিশুকে পর্যাপ্ত সময় দেয়া

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৫. নিশি তার খাবার টেবিলকে পড়াশোনার জন্যও ব্যবহার করে। এটি নিচের কোন বৈশিষ্ট্যকে সমর্থন করে?

ক) সৃষ্টিশীলতা
খ) রূপান্তরযোগ্যতা
গ) বিকল্প ব্যবহার
ঘ) সম্পদের বহুবিধ ব্যবহার

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ক | ৩ | ক | ৪ | গ | ৫ | ক | ৬ | গ | ৭ | গ | ৮ | গ | ৯ | খ | ১০ | গ | ১১ | গ | ১২ | গ | ১৩ | ঘ |
| | ১৪ | ঘ | ১৫ | ঘ | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ঘ | | |

Teachingbd24.com